# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮.১.২০. কুষ্ঠরোগ থেকে পবিত্রতায় পাখি হত্যা ও রক্তস্নান

Leprosy বা কুষ্ঠরোগের পবিত্রতা অর্জনের জন্য অন্তত একটা পাখিকে হত্যা করা ও তার রক্ত মাখা জরুরি: “তাকে পাক-সাফ করবার জন্য ইমাম দু’টা জীবিত পাক-পবিত্র পাখী, কিছু এরস কাঠ (cedar wood), লাল রংয়ের সুতা এবং এসোব (hyssop) গাছের ডাল নিয়ে আসতে বলবে। তারপর ইমাম হুকুম দেবে যেন স্রোত থেকে তুলে আনা এবং মাটির পাত্রে রাখা পানির উপরে সেই পাখী দু’টার একটাকে জবাই করা হয়। ইমাম জীবিত পাখীটা, এরস কাঠ, লাল রংয়ের সুতা এবং এসোব গাছের ডাল স্রোতের পানির উপরে জবাই করা সেই পাখীর রক্তে ডুবাবে। যাকে সেই কুষ্ঠরোগ থেকে পাক-সাফ করা হবে তার উপর ইমাম সাত বার সেই রক্ত ছিটিয়ে দিয়ে তাকে পাক-সাফ বলে ঘোষণা করবে। এরপর ইমামকে খোলা মাঠে সেই জীবিত পাখীটাকে ছেড়ে দিতে হবে।” (লেবীয় ১৪/৪-৭)

এমনকি কোনো ঘর বা বাড়ির কুষ্ঠরোগ হলে তাকেও এভাবে পাখি হত্যা করে তার রক্ত দিয়ে পাক-সাফ করতে হবে। (লেবীয় ১৪/৪৯-৫৩)

পাঠক কি এ সকল বাইবেলীয় বিধানের কোনো যৌক্তিক, মানবিক বা বৈজ্ঞানিক ব্যাখ্যা দিতে পারবেন?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন